তারিখ .. 09. JAN. 2016 ...
পৃঃ ... ২ ... কলাম ... ৭ ......

# এমবিবিএস ১ম বর্ষের ক্লাস শুরু কাল আজ ওরিয়েন্টেশন

**যুগান্তর রিপোর্ট**

রোববার থেকে সারা দেশের সব মেডিকেল কলেজের এমবিবিএস ১ম বর্ষের শিক্ষার্থীদের ক্লাস একযোগে শুরু হচ্ছে। এ উপলক্ষে আজ ঢাকা মেডিকেল কলেজ এবং বাংলাদেশ মেডিকেল কলেজে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের এমবিবিএস শিক্ষার্থীদের ওরিয়েন্টশন কর্মসূচির আয়োজন করা হয়েছে। স্বাস্থ্য ও পরিবাকল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম উপস্থিত থেকে এ ওরিয়েন্টশন কর্মসূচির উদ্বোধন করবেন বলে মন্ত্রণালয়সংশ্লিষ্ট কর্মকর্তারা জানিয়েছেন। সংশ্লিষ্টরা জানান, স্বাস্থ্যমন্ত্রী আজ সকাল ১০টায় বাংলাদেশ মেডিকেল কলেজ ধানমণ্ডি ক্যাম্পাসে ২০১৫-১৬ শিক্ষাবর্ষের প্রথমবর্ষের ওরিয়েন্টশন কর্মসূচির উদ্বোধন করবেন। পরে বেলা ১১টায় ঢাকা মেডিকেল কলেজের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের এমবিবিএস প্রথমবর্ষের ওরিয়েন্টশন ক্লাস উদ্বোধন করবেন।